**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ/২৪ মে, ২০২১ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও নং- ১২৭-আইন/২০২১/১৬/কাস্টমস।-** Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, স্থানীয়ভাবে সেলুলার ফোন উৎপাদনের লক্ষ্যে নিম্নে বিধৃত-

(ক) TABLE-1 ও TABLE-2 এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপণীয় আমদানি শুল্ক, যেই পরিমাণে মূল্যভিত্তিক ১ (এক) শতাংশ; এবং

(খ) TABLE-3 ও TABLE-4 এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপণীয় আমদানি শুল্ক, যেই পরিমাণে মূল্যভিত্তিক ১০ (দশ) শতাংশ-

এর অতিরিক্ত হয় সেই পরিমাণ এবং সমুদয় মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, রেগুলেটরি ডিউটি ও সম্পূরক শুল্ক, যদি থাকে, হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**TABLE-1**

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| **(1)** | **(2)** | **(3)** |
| 25.13 | 2513.10.00 | Pumice stone |
| 28.25 | 2825.90.00 | Lithium Cobalt Oxide |
| 28.27 | 2827.41.00 | Cupric chloride |
| 28.33 | 2833.25.00 | Copper (II) sulfate pentahydrate |
| | 2833.29.90 | Sodium per sulphate |
| 28.42 | 2842.10.90 | Lithium iron phosphate |
| 29.33 | 2933.79.90 | N-Methyl-2-Pyrrolidone (NMP) |
| 32.06 | 3206.11.00 | Pigments and preparations based on titanium dioxide |

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| **(1)** | **(2)** | **(3)** |
| 32.09 | 3209.90.90 | Color Paint or Varnishes |
| 32.15 | 3215.11.90 | Solder Mask and Ink (Printing ink) |
| 34.02 | 3402.19.90 | Antifoaming agent |
| 37.02 | 3702.98.00 | Unexposed photosensitive film of a width exceeding 35mm |
| | 3707.90.00 | Chemical preparations for photographic uses |
| 38.01 | 3801.10.00 | Conductive Carbon black; Meso Carbon Micro Beads (MCMB) |
| 38.10 | 3810.10.00 | Soldering paste |
| | 3810.90.90 | Solder flux |
| 38.12 | 3812.20.00 | Plastic/Rubber Additives |
| 38.24 | 3824.99.90 | Lithium Hexafluoride Phosphate electrolyte |
| | 3824.99.90 | Electroplating salts and chemicals for PCB manufacturing |
| 39.03 | 3903.30.90 | Acrylonitrile-Butadiene-Styrene (ABS) Copolymers |
| 39.04 | 3904.90.00 | Poly Vinylidene Fluoride (PVDF) |
| 39.07 | 3907.40.90 | Polycarbonates |
| 39.12 | 3912.31.00 | Carboxymethyl cellulose (CMC) |
| 39.20 | 3920.20.20 | Non printed cast polypropylene film |
| | 3920.51.00 | Poly methyl methacrylate sheet |
| | 3920.61.00 | Polycarbonate Sheet |
| | 3920.99.90 | Thermoplastic sheets |
| 40.02 | 4002.19.00 | Styrene-Butadiene Rubber (SBR) |
| | 4002.99.00 | Plastic (thermoplastic) 92um |
| 48.11 | 4811.49.00 | Optically Clear Adhesive (OCA) Paper, High temperature paper/tape |
| 59.11 | 5911.90.00 | Screen-printing mesh |
| 70.19 | 7019.32.90 | Glass Fiber |
| 73.18 | 7318.22.90 | Washer for Vibrator |
| 73.26 | 7326.90.90 | Upper Case & Lower Case for Vibrator |
| 74.03 | 7403.19.00 | Copper anode ball |
| 74.10 | 7410.11.00 | Copper foil |
| | 7410.21.90 | Copper clad laminated with backing materials; Copper foil thickness not exceeding 1.5 mm |
| 75.06 | 7506.10.00 | Nickel strip |
| 76.07 | 7607.11.90 | Aluminium foil |
| 80.01 | 8001.10.00 | Tin, not alloyed |
| | 8001.20.00 | Tin alloys |
| 80.03 | 8003.00.00 | Pure tin anode |
| 83.11 | 8311.30.00 | Solder lead bar |
| 85.04 | 8504.31.00 | Transformer |
| 85.04 | 8504.50.00 | Inductor |
| 85.06 | 8506.90.10 | Separator |
| 85.07 | 8507.60.00 | Lithium ion/Polymer cell |
| 85.16 | 8516.80.00 | Thermistor |

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| **(1)** | **(2)** | **(3)** |
| 85.17 | 8517.70.00 | Backlight Panel, Magmatic beads, Processed Plain Metal-Alloy Sheet for Mobile Housing; Decoration Steel Sheet For making Mobile Body Casing |
| | 8517.70.00 | Touch Panel Glass for mobile phone |
| 85.18 | 8518.90.00 | Diaphragm; Microphone Connector; Coil for Microphone |
| 85.23 | 8523.29.12 | Software with CD |
| 85.32 | 8532.29.90 | Capacitor |
| 85.33 | 8533.29.00 | Resistor |
| 85.34 | 8534.00.00 | Unloaded Printed Circuit Board, Protection Circuit Board, BMS (Battery management system) |
| 85.36 | 8536.90.90 | 2 Pin Connector Plug; Connector |
| 85.41 | 8541.10.00 | Diode |
| 85.41 | 8541.29.00 | Transistor |
| | 8541.60.00 | Crystal diodes |
| 85.42 | 8542.39.90 | Ball Grid Array Integrated Circuit (BGA IC); Display Driver IC |
| 85.44 | 8544.19.90 | Electric cable (Not exceeding diameter 5mm) |
| | 8544.42.00 | Cable Fitted with Connector |
| 85.46 | 8546.90.00 | Heat Sink/Shield |

## TABLE-2

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| **(1)** | **(2)** | **(3)** |
| 32.14 | 3214.90.00 | Silica Gel |
| 35.06 | 3506.91.90 | Red Glue; Seal Glue; Hot melt Glue; Adhesive Glue; Silicone Glue |
| 38.12 | 3812.20.00 | Plastic/Rubber Additives |
| 39.19 | 3919.10.90 | Adhesive Type Foam; Adhesive Tape (Polypropylene 32 um), Single Foamed Tape |
| | 3919.90.20 | Double glue adhesive tape |
| | 3919.90.99 | Tape Mylar |
| | 4811.90.20 | Solid barley paper; Insulation paper; Hollow barley paper |
| 56.03 | 5603.11.90 | Conductive Fabric |
| 73.18 | 7318.15.90 | Screw |
| 83.11 | 8311.20.00 | Solder lead wire |
| 85.17 | 8517.70.00 | Touch Panel |
| | 8517.70.00 | Liquid Crystal Module |
| | 8517.70.00 | Camera Module |
| | 8517.70.00 | Internal Earphone; Microphone; Antenna; |
| | 8517.70.00 | Sim Card slot/T-Card slot |
| | 8517.70.00 | Vibrator |
| | 8517.70.00 | Receiver |
| | 8517.70.00 | Motor |

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 85.18 | 8518.29.00 | Speaker |
| 85.41 | 8541.40.90 | Light Emitting Diodes (LED) |
| 85.44 | 8544.19.90 | Flexible Printed Cable (FPC) |
| 90.01 | 9001.90.90 | LCM Protective lens; Camera Protective Lens |
| 90.13 | 9013.90.10 | Diffuser Back light controller |

**TABLE-3**

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 39.26 | 3926.90.99 | Mobile cover (back/front/side cover),<br>Mobile charger cover/casing, upper cap, lower cap |
| 48.11 | 4811.41.90 | Screw Void Paper Sticker & IMEI Label Paper Sticker |
| 73.19 | 7319.90.00 | SIM slot ejector pin |
| 85.17 | 8517.70.00 | Earphone button, other covers for mobile components |
|  | 8517.70.00 | Key; Keypad housing; Keypad Dome; Front Shell |
| 85.38 | 8538.90.90 | Charger connector pin |
| 85.44 | 8544.19.90 | USB Cable; OTG Cable |

**TABLE-4**

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 85.04 | 8504.40.10 | Cellular Phone Battery Charger |
| 85.07 | 8507.60.00 | Lithium Ion Battery; Lithium Polymer Battery |
| 85.17 | 8517.70.00 | Loaded Printed Circuit Board/PCB Assembled/Mother Board for Cellular Phone |

**শর্তাবলি:**

(ক) আমদানিকারককে অবশ্যই Industrial IRC Holder VAT Compliant সেলুলার ফোন উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠান বা ভেন্ডর হইতে হইবে এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন এর অধীন নিবন্ধিত হইতে হইবে;

**ব্যাখ্যাঃ** এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে,-

অ) "সেলুলার ফোন উৎপাদনকারী" প্রতিষ্ঠান অর্থ Industrial IRC Holder VAT Compliant প্রতিষ্ঠান যাহারা স্থানীয়ভাবে সংগৃহীত বা আমদানিকৃত কাঁচামাল দ্বারা সেলুলার ফোনের ব্যাটারি, চার্জার, PCBA ও আনুষঙ্গিক অন্যান্য যন্ত্রাংশ বা এক্সেসরিজ নিজে প্রস্তুত করিয়া অথবা স্থানীয় ভেন্ডর হইতে সংগ্রহ করিয়া সেলুলার ফোন উৎপাদন করিয়া থাকে;

আ) “সেলুলার ফোন সংযোজনকারী” প্রতিষ্ঠান অর্থ Industrial IRC Holder VAT Compliant প্রতিষ্ঠান যাহারা আমদানিকৃত বা স্থানীয় ভেন্ডর হইতে সংগৃহীত যন্ত্রাংশ দ্বারা সেলুলার ফোন সংযোজন করিয়া থাকে;

ই) “ভেন্ডর” অর্থে Industrial IRC Holder VAT Compliant প্রতিষ্ঠান যাহারা স্থানীয়ভাবে সংগৃহীত বা আমদানিকৃত কাঁচামাল দ্বারা সেলুলার ফোনের ব্যাটারি, চার্জার, PCBA ও আনুষঙ্গিক অন্যান্য যন্ত্রাংশ বা এক্সেসরিজ প্রস্তুতপূর্বক সেলুলার ফোন উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠানকে সুনির্দিষ্ট বিক্রয় চুক্তির আওতায় অথবা স্থানীয়ভাবে সরবরাহ করিয়া থাকে;

ঈ) ‘Industrial IRC Holder’ অর্থ আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (CCI&E) হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা (Industrial Consumer) আইআরসি থাকিতে হইবে;

উ) ‘VAT Compliant’ অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর অধীন নিয়মিত দাখিলপত্র (রিটার্ন) দাখিল করে এমন সেলুলার ফোন উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠান বা ভেন্ডর হিসাবে নিবন্ধিত প্রতিষ্ঠান;

(খ) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সম্বলিত মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের মূসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে;

তবে শর্ত থাকে যে, কোনো ধরনের দৈব-দূর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবে;

(গ) সেলুলার ফোন উৎপাদনকারী প্রতিষ্ঠান TABLE-1, TABLE-2 ও TABLE-3 ভুক্ত পণ্য আমদানি করিতে পারিবে; সেলুলার ফোন সংযোজনকারী প্রতিষ্ঠান TABLE-2, TABLE-3 ও TABLE-4 ভুক্ত পণ্য আমদানি করিতে পারিবে এবং ভেন্ডর TABLE-1 ভুক্ত পণ্য আমদানি করিতে পারিবে।

(ঘ) পণ্যের মান নিয়ন্ত্রণের জন্য সংশ্লিষ্ট উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠানের নিজস্ব Testing Lab থাকিতে হইবে, অথবা মান নিয়ন্ত্রণের জন্য কোনো স্বীকৃত Testing Lab এর সহিত চুক্তিবদ্ধ হইতে হইবে;

(ঙ) প্রজ্ঞাপনের TABLE-ভুক্ত একাধিক যন্ত্রাংশ সংযোজিত অবস্থায় আমদানি করা যাইবে না;

(চ) উৎপাদনকারী প্রতিষ্ঠান যে সকল মডেলের সেলুলার ফোন সংযোজন করিবে কেবল সেই সকল মডেলের জন্য TABLE-4 ভুক্ত পণ্য আমদানি করিতে পারিবে;

(ছ) সংযোজনকারী প্রতিষ্ঠান যে সকল মডেলের সেলুলার ফোনের ব্যাটারি বা চার্জার বা PCBA উৎপাদন করিবে কেবল সেই সকল মডেলের ব্যাটারি বা চার্জার বা PCBA এর জন্য TABLE-1 ভুক্ত সংশ্লিষ্ট যন্ত্রাংশ আমদানি করিতে পারিবে;

(জ) অনুচ্ছেদ (চ) ও (ছ) উভয় ক্ষেত্রে শুল্কায়নকালে সংশ্লিষ্ট কাস্টম হাউস/স্টেশনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক মূসক বিভাগীয় দপ্তরে দাখিলকৃত মূসক বিভাগীয় কর্মকর্তা কর্তৃক সত্যায়িত উপকরণ-উৎপাদ সহগ ঘোষণাপত্র (মূসক-৪.৩) দাখিল করিতে হইবে;

২। উৎপাদনকারী বা সংযোজনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কারখানা স্থাপনের পর এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধায় পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ আমদানির অনুমোদনের জন্য চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বরাবর আবেদন করিতে হইবে। উক্ত আবেদন বিবেচনার ক্ষেত্রে প্রথম সচিব (কাস্টমস: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড; সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ; এবং বাংলাদেশ টেলিযোগযোগ নিয়ন্ত্রণ কমিশনের প্রতিনিধির সমন্বয়ে গঠিত কমিটি আবেদনকারী প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শনপূর্বক চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বরাবর **পরিশিষ্ট-১** অনুযায়ী একটি প্রতিবেদন দাখিল করিবে এবং উক্ত প্রতিবেদন অনুযায়ী প্রতিষ্ঠানের শিল্প স্থাপন সংক্রান্ত কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হইলে আবেদনকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি হারে পণ্য আমদানির অনুমোদন প্রদান করা যাইবে এবং উক্ত অনুমোদনপত্রের সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে;

৩। **পরিশিষ্ট-১** অনুযায়ী প্রাপ্ত প্রতিবেদনে প্রতিষ্ঠানের শিল্প স্থাপন সংক্রান্ত কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হইলে আবেদনকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি হারে পণ্য আমদানির অনুমোদন প্রদান করা হইবে এবং উক্ত অনুমোদনপত্রের সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে;

৪। প্রতি একক সেলুলার ফোন উৎপাদনের জন্য সম্ভাব্য বা যৌক্তিক অপচয়সহ কি কি পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ কি পরিমাণে আবশ্যক (উপকরণ-উৎপাদ সহগ) সেই সম্পর্কিত তথ্য **পরিশিষ্ট-২** অনুযায়ী ৩ (তিন) কপি পণ্য আমদানির পূর্বেই সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট এর কমিশনার বরাবর দাখিল করিতে হইবে এবং কমিশনার উক্ত সহগ অনুমোদনপূর্বক প্রতিস্বাক্ষর করিবেন এবং উহার একটি কপি অফিসের রেকর্ড হিসাবে সংরক্ষণ করিবেন, দ্বিতীয় কপি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) বরাবরে প্রেরণ করিবেন এবং অপর কপি প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে ফেরত প্রদান করিবেন, **পরিশিষ্ট-২** এর সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে;

৫। এই প্রজ্ঞাপনে উল্লিখিত উপকরণ **পরিশিষ্ট-২** অনুযায়ী আমদানি করিয়া অনুমোদিত উপকরণ-উৎপাদ সহগ মোতাবেক সেলুলার ফোন উৎপাদন করা হইতেছে কিনা উহা সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটের কমিশনার তাহার অধীনস্থ সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তার মাধ্যমে প্রতি ৬ (ছয়) মাস অন্তর সরেজমিনে পরিদর্শন করিয়া নিশ্চিত করিবেন এবং এই সংক্রান্ত প্রতিবেদন সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) বরাবর প্রেরণ করিবেন;

৬। আমদানিকৃত পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ, সেলুলার ফোন ও ট্যাব উৎপাদন বা সংযোজন অথবা সেলুলার ফোন সংশ্লিষ্ট ব্যাটারি, চার্জার ও PCBA উৎপাদন ব্যতীত অন্য কোনো কাজে ব্যবহার বা বিক্রয় বা অন্যবিধ হস্তান্তর করা যাইবে না;

৭। কোন উৎপাদনকারী বা সংযোজনকারী বা ভেন্ডর এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘন করিলে এবং উক্ত লঙ্ঘনজনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে সেইক্ষেত্রে তাহার বিরুদ্ধে Customs Act, 1969 ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী এবং প্রযোজ্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট অন্যান্য আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৮। ৩ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও নং ১২৩-আইন/ ২০২০/৭৪/কাস্টমস এতদ্দ্বারা রহিত করা হইল।

৯। এই প্রজ্ঞাপন ৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে এবং উহা ৩০ জুন, ২০২২ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

**পরিশিষ্ট-১**

**কারখানা পরিদর্শন প্রতিবেদন**

**[দফা ২ ও ৩ দ্রষ্টব্য]**

আমরা নিম্নস্বাক্ষরকারগণ বিগত ------------খ্রি তারিখ------------------------নামীয় সেলুলার ফোন উৎপাদনকারী বা সংযোজনকারী অথবা সেলুলার ফোন সংশ্লিষ্ট ব্যাটারি, চার্জার, PCBA ও আনুষঙ্গিক অন্যান্য যন্ত্রাংশ বা এক্সেসরিজ উৎপাদনকারী শিল্প কারখানা সরেজমিন পরিদর্শন করি। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ, যথা:-

১। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

২। মূসক নিবন্ধন নম্বর (BIN) :

৩। মালিক/স্বত্বাধিকারীর নাম ও ঠিকানা (বর্তমান/স্থায়ী) :

৪। আয়কর সনদ নম্বর (TIN) :

৫। জমি ও ভবনের বিবরণ :

(ক) জমি ও ভবন নিজস্ব কিনা :

(খ) মোট জমির পরিমাণ :

(গ) কারখানা ভবনের (ওয়্যারহাউসসহ) আয়তন:

(ঘ) কারখানা ভবনের প্রকৃতি : (পাকা/সেমি পাকা/অন্যান্য) :

(ঙ) অফিস ভবনের আয়তন :

(চ) বিদ্যুৎ সংযোগ আছে কিনা :

৬। কারখানা ভবন ভাড়া হইলে ভাড়া চুক্তির কপি:

৭। স্থাপিত যন্ত্রপাতির বিবরণ :

৮। স্থাপিত যন্ত্রপাতি দ্বারা উৎপাদনযোগ্য পণ্যের বিবরণ :

৯। উৎপাদনযোগ্য পণ্যের উপকরণ-উৎপাদ সহগ সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটে দাখিল ও অনুমোদন করা হইয়াছে কিনা :

উপর্যুক্ত তথ্যাদি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, বর্ণিত প্রতিষ্ঠানটি স্থানীয়ভাবে সেলুলার ফোন উৎপাদন বা সংযোজনের অথবা সেলুলার ফোন সংশ্লিষ্ট ব্যাটারি, চার্জার, PCBA ও আনুষঙ্গিক অন্যান্য যন্ত্রাংশ বা এক্সেসরিজ উৎপাদনের লক্ষ্যে প্রাথমিক প্রস্তুতি সম্পন্ন করিয়াছে। প্রতিষ্ঠানটিকে প্রজ্ঞাপন এস.আর.ও. নং **১২৭-আইন/২০২১/১৬/কাস্টমস** তারিখ: ২৪/০৫/২০২১ খ্রিষ্টাব্দ এর অধীন প্রজ্ঞাপনে উল্লিখিত পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ রেয়াতি সুবিধায় আমদানির অনুমোদন প্রদানের সুপারিশ করা হইল।

সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তা
নাম ও স্বাক্ষর
তারিখ:

বাংলাদেশ টেলিযোগযোগ নিয়ন্ত্রণ কমিশন
এর প্রতিনিধির নাম ও স্বাক্ষর
তারিখ:

প্রথম সচিব (কাস্টমস: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড
নাম ও স্বাক্ষর
তারিখ:

**পরিশিষ্ট-২**
**[দফা ৪ ও ৫ দ্রষ্টব্য]**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা**

সেলুলার ফোন উৎপাদন বা সংযোজন অথবা সেলুলার ফোন সংশ্লিষ্ট ব্যাটারি, চার্জার, PCBA ও আনুষঙ্গিক অন্যান্য যন্ত্রাংশ বা এক্সেসরিজ উৎপাদনের কাজে আবশ্যক পণ্য, যন্ত্রাংশ বা উপকরণ সম্পর্কিত ঘোষণা:

১। প্রতিষ্ঠানের নাম:
২। ঠিকানা:
৩। মূসক নিবন্ধন নম্বর:

| ক্রমিক নং | পণ্যের নাম ও H. S. Code | একক | পণ্য উৎপাদনে ব্যবহার্য পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ এর নাম (H. S. Code সহ) | অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণের প্রতিটির পরিমাণ | অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণের প্রতিটির পরিমাণ | অপচয়ের শতকরা হার |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারের
প্রতিস্বাক্ষর

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের
স্বাক্ষর ও তারিখ

**রাষ্ট্রপতির আদেশক্রমে**

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব।**